তারিখ JUN. 2 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

১০

## জাতীয় আয়ের ৮% শিক্ষাখাতে বরাদ্দ প্রয়োজন

শিক্ষা জাতির মেরুদণ্ড। বিশ্বে যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নত। আমাদের দেশে শিক্ষার হার ২৬%। কিন্তু এই ২৬% এর সবাই যে লিখিতে ও পড়িতে পারে এমন নয়। ইহার মধ্যে যাহারা নিজের নাম লিখিতে পারেন, তাহাদেরকে শিক্ষিত হিসাবে ধরা হইয়াছে। একবিংশ শতকের আধুনিক বাংলাদেশ গড়িতে হইলে শিক্ষার হার বাড়াইতে হইবে। শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন আনিতে হইবে। সর্বোপরি একই ধরনের শিক্ষা পদ্ধতি চালু করিতে হইবে। শিক্ষাখাতে যাবতীয় উপকরণ-এর দাম কমাইতে হইবে। বিজ্ঞানভিত্তিক শিক্ষা পদ্ধতি চালুর সুবিধার্থে বিদেশ হইতে আমদানীকৃত শিক্ষা উপকরণের উপর হইতে শুল্ক হ্রাস করিতে হইবে। শিক্ষার মান উন্নয়নের জন্য জাতীয় আয়ের ৮% শিক্ষাখাতে বরাদ্দ দিতে হইবে। এমতাবস্থায়, আগামী বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ বাড়ানোর জন্য মাননীয় শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

ইঞ্জিনিয়ার এম এইচ সুমন,
২৩৩, কাজিপাড়া, মিরপুর,
ঢাকা-১২১৬।